# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) লোকসভায় আজ জাতীয় গান ‘বন্দেমাতরম’এর ১৫০ বছর পূর্তি সম্পর্কে বিশেষ আলোচনা/

(২) উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় আশি শতাংশ বা এর বেশি নম্বর পাওয়া শিক্ষার্থীদের আজ ডঃ বাণীকান্ত কাকতি মেধা পুরস্কারের অধীনে স্কুটার বিতরণ/

(৩) রাজ্যের ৭১ টি পৌরসভার ৬৬৪ জন প্রাদেশীকৃত পৌর কর্মচারী এবং শহর ও গ্রাম পরিকল্পনা সঞ্চালকালয়ের আটজন সহকারী সঞ্চালককে নিযুক্তি প্রদান/

এবং

(৪) আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজ্যে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের প্রায় ১১ লক্ষ ৭৬ হাজার জব কার্ড বাতিল/

-----------------------------------------------------------------------------------

লোকসভায় আজ **বন্দেমাতরম** সঙ্গীত সৃষ্টির একশো পঞ্চাশ বছর সম্পূর্ণ হওয়ার বিষয় সম্পর্কে বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই আলোচনার সূচনা করেন । শ্রী মোদী এই আলোচনায় অংশ নিয়ে বলেন যে- এধরণের আলোচনা সংসদের দায়বদ্ধতাকে প্রতিফলিত করার পাশাপাশি পরবর্তী প্রজন্মকে দেশাত্মবোধের আদর্শে উদ্বুদ্ধ করবে । তিনি বলেন যে- এই গান দেশের স্বাধীনতা আন্দোলনকে শক্তি প্রদান করেছে এবং পথ প্রদর্শন করেছে । এই বিষয়টি নিয়ে আলোচনা করা সংসদের প্রত্যেক সদস্যের জন্য গর্ব এবং সৌভাগ্যের বিষয় বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন । এই আলোচনা ইতিহাসের স্মরণীয় ঘটনাসমূহকে সকলের সামনে উজ্জ্বল করে তোলার পাশাপাশি নতুন প্রজন্মের জন্যে পাথেয় স্বরূপ হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন ।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই অবিস্মরণীয় সৃষ্টি ঔপনিবেশিক ব্রিটিশ সরকারের বঙ্গভঙ্গের সিদ্ধান্তের বিরোধিতা করতে জনসাধারণকে উজ্জ্বীবিত করেছিল বলে তিনি উল্লেখ করেন । **বন্দেমাতরম** কেবল একটি সঙ্গীত-ই নয়, এটি স্বাধীনতা সংগ্রামীদের ত্যাগ এবং একাগ্রতার সঙ্গে নিজেদের লক্ষ্যে অগ্রসর হওয়ার প্রেরণা যোগানোর শক্তিশালী মন্ত্র এবং শ্লোগান ছিল বলেও তিনি মন্তব্য করেছেন । এই বিষয়টি নিয়ে আলোচনার জন্য দশ ঘন্টা সময় সংসদে বরাদ্দ করা হয়েছে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাকে অধ্যক্ষ করে এর আগে অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে আজ বন্দেমাতরম এবং আগামীকাল ভোটার তালিকা সংশোধনী সম্পর্কে আলোচনা আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল । এদিকে রাজ্যসভায় বন্দেমাতরম'এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে আলোচনা আগামীকাল অনুষ্ঠিত হবে ।

--------------------------------------------------------------------------------

সরকার দেশের নাগরিকদের ই-পেনকার্ড ডাউনলোড করার আহ্বান জানিয়েছে বলে বহুলভাবে প্রচারিত একটি ই-মেইল'এর সত্যতা কেন্দ্রীয় সরকার অস্বীকার করেছে । প্রেস ইনফরমেশন ব্যুরো (পি আই বি)এর তথ্য পরীক্ষণ গোষ্ঠী এই ই-মেইলটিকে ভিত্তিহীন বলে অভিহিত করেছে । নাগরিকদের তাদের আর্থিক তথা যেকোনোধরণের সংবেদনশীল তথ্যের বিষয়ে জানতে হলে এধরণের ই-মেইল, লিঙ্ক, ফোনকল এবং এস এম এস'এর প্রতি নজর না দিতে গোষ্ঠীটি সকলের প্রতি আহ্বান জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

২০২৫ বর্ষের উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় ৮০ শতাংশের বেশী নম্বর লাভ করা শিক্ষার্থীদের ড.বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার প্রকল্পের অধীনে আজ স্কুটার প্রদান করা হয়েছে । এবার এই পুরস্কার লাভ করা ১১ হাজার ২৫০ জন শিক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৮৬০ জন ছাত্রী এবং ৪ হাজার ৩৯০ জন ছাত্র রয়েছে । গৌহাটীর পাঞ্জাবারীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু অংশগ্রহণ করেন । মূখ্যমন্ত্রী ড.শর্মা ভাষনপ্রসঙ্গে স্কুটার লাভ করা ছাত্র ছাত্রীদের যানবাহন চালানোর নীতি নিয়ম মেনে চলার আহ্বান জানান । উল্লেখ্য মূখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের সুবিধা লাভ করা ছাত্রীরা এই পুরস্কার লাভ করবে না ।

অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী পয়লা জানুয়ারী থেকে ছাত্রদের জন্য মুখ্যমন্ত্রী বাবু প্রকল্প আরম্ভ করবেন বলে জানান । দুঃস্থ ও মধ্যবিত্ত ছাত্র এই প্রকল্পের সুবিধা লাভ করবে । এই প্রকল্পের অধীনে প্রতিমাসে নির্বাচিত ছাত্রকে বৃত্তি প্রদান করা হবে ।

--------------------------------------------------------------------------------

স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে রাজ্য সরকার আজ ৭১ টি পৌরসভার ৬৬৪ জন প্রাদেশিকীকৃত পৌর কর্মচারী এবং শহর তথা গ্রাম পরিকল্পনা সঞ্চালকালয়ের ৮ জন সহকারী সঞ্চালককে নিযুক্তি পত্র প্রদান করেছে । গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আজ দুপুর দুটোয় এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ও গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া উপস্থিত ছিলেন ।

এদিকে আসাম পুলিশ ও গৃহ বিভাগে নিযুক্তি লাভ করা চা জনজাতির ১২০ জন প্রার্থীকে আজ বিকেলে জনতা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে নিযুক্তি পত্র প্রদান করা হয় ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যসভায় আজ মিজোরামের প্রাক্তন রাজ্যপাল স্বরাজ কৌশলের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে । মিজোরামের প্রাক্তন রাজ্যপাল কৌশল আগামী চৌঠা ডিসেম্বর শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । আজ বেলা এগারোটায় রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণ তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন যে- স্বরাজ কৌশলের প্রয়াণে দেশ একজন সহানুভূতিশীল ব্যক্তি, আইন বিশেষজ্ঞ তথা সুদক্ষ প্রশাসককে হারালো । তিনি ১৯৯৮ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত হরিয়ানা থেকে রাজ্যসভার সদস্য হিসেবে কার্যনির্বাহ করেন । এছাড়া ১৯৯০ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত মিজোরামের রাজ্যপালের দায়িত্ব পালন করেছেন । রাজ্যসভার সদস্যরা মৌনতা অবলম্বন করে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে শীঘ্র গরু-মহিষের জন্য সংরক্ষিত গোচারণ ভূমি সমূহের উন্নয়ন সাধন করা হবে বলে রাজ্যের মৎস্য, পশুপালন দপ্তরের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল প্রকাশ করেছেন । আজ কামরূপ জেলার আমিনগাওয়ে লোক নির্মাণ বিভাগের সভাকক্ষে এক পর্যালোচনা সভায় অংশ গ্রহণের পর শ্রী পাল একথা বলেন । তিনি এই সভায় বিভাগ সমূহের অধীনে চলতে থাকা কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করেন । অনুষ্ঠানে অংশগ্রহণ করার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী পাল রাজ্যের মৎস্য পালকরা সুন্দরভাবে নিজেদের কাজকর্ম করে সাফল্য লাভ করছেন বলে উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------

বিগত তিন বছরে আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের ৮ টি রাজ্যে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ নিয়োগ নিশ্চিতকরণ প্রকল্পের প্রায় ১১ লক্ষ ৭৬ হাজার জব কার্ড বিভিন্ন

কারণে বাতিল করা হয়েছে । এর মধ্যে আসামে সর্বাধিক ১০ লক্ষ ১৫ হাজার ৫০০ টি জব কার্ড বাতিল করা হয়েছে । উল্লেখ্য এম জি এনরেগার অধীনে জব কার্ড সহ প্রকল্পটির বিভিন্ন দিকসমূহ রূপায়ণ করা রাজ্যসরকারের দায়িত্ব । রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহে নিয়মিত জবকার্ডের তথ্য পরীক্ষা করা হয় । তথ্য পরীক্ষার সময় ভূয়োঁ বা নকল জব কার্ড , কাজ করার আগ্রহ না থাকা পরিবার , গ্রাম পঞ্চায়েত থেকে স্থায়ীভাবে সরে যাওয়া পরিবার ইত্যাদি বিভিন্ন কারণে জবকার্ডসমূহ বাতিল হতে পারে । আসামে ২০২২-২৩ এবং ২০২৪-২৫ অর্থ বছরের মধ্যে ১০ লক্ষ ১৫ হাজার ৫০০ টি জব কার্ড বাতিল করা হয় । এদিকে অরুণাচল প্রদেশে এই সময়ে ৩৭ হাজার ৩৯৫ টি জবকার্ড বাতিল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

গোয়ার নৈশ ক্লাবে গত শনিবার সংঘটিত এক অগ্নিকান্ডে কাছাড়ের দুজন এবং ধেমাজির একজন যুবকের মৃত্যু হয়েছে ।  কাছাড় জেলার মৃত যুবক দুজন কাটাখাল গ্রান্টের রাহুল তাঁতি এবং শিলকুড়ির মনজিৎ মাল বলে জানা গেছে । যুবক দুজন গোয়ার ওই নৈশ ক্লাবে রাঁধুনি হিসেবে কর্মরত ছিল । অনুরূপভাবে ধেমাজির জামকুনি গ্রামের দিগন্ত পাটির নামের যুবকেরও এই অগ্নিকান্ডে মৃত্যু হয়েছে । উল্লেখ্য এই ঘটনায় মোট ২৫ জনের মৃত্যু হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত ভেটারবন্দ-লালছড়া সড়কে বিধায়ক বিজয় মালাকার আজ নতুন সেতুর শিলান্যাস করেন ।  এউপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রীমালাকার বলেন যে এক কোটী ১২ লক্ষ টাকা ব্যয়ে এই সেতু নির্মানের কাজ শেষ হলে দূর্লভছড়া -ভেটারবন্দ পূর্ত সড়ক থেকে ফানাইছড়া পর্য্যন্ত অঞ্চলের মানুষের যাতায়াত ব্যবস্থা আরো উন্নত হবে । শিলান্যাস অনুষ্ঠানে পঞ্চায়েত প্রতিনিধি সহ স্থানীয় জনসাধারণ উপস্থিত ছিলেন ।

এদিকে ধলাইর বিধায়ক নীহার রঞ্জন দাস আজ আনন্দখাল আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্র , দর্মিখাল আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্র , লালখাল আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্র সহ আমড়াঘাট শ্রীরামকৃষ্ণ কমিউনিটি হল নির্মানের কাজের সূচনা করেন । আজকের শিলান্যাস অনুষ্ঠানে বিজেপির জেলা সভাপতি রূপম সাহা , বিজেপির পালংঘাট মন্ডল সভাপতি অর্পূব দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় গ্রামীন উন্নয়নের গতিকে তরান্বিত করতে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে

জেলা প্রশাসন ও বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারিকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে মন্ত্রী শ্রীদাস আগামী ৬০ থেকে ৭৫ দিনের মধ্যে জেলার সব উন্নয়নমূলক কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন । পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী জানান যে কাছাড় জেলায় এক লক্ষ ৪৭ হাজার মানুষ ইতিমধ্যে সরকারী প্রকল্পের অধীনে ঘর পেয়েছেন এবং আরও ঘর নির্মানের কাজ চলছে ।.পর্য্যালোচনা বৈঠকে তিন বিধায়ক দীপায়ন চক্রবর্তী, মিহির কান্তি সোম , নিহার রঞ্জন দাস, জেলা পরিষদের সভাপতি কংকন নারায়ন শিকিদার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

অসম প্রকাশন পরিষদ এবং সারা আসাম পুথি প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত অসম গ্রন্থমেলায় আজ সন্ধ্যায় সাহিত্য আলোচনা শীর্ষক লেখক-পাঠক সমাবেশ অনুষ্টিত হয়েছে । পরে নেতাজি বিদ্যাভবন , বিবেকানন্দ কেন্দ্র বিদ্যালয় ও লিটিল পিলার স্কুলের ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

---------------------------------------------------------------------------------

শিলচরের রূপম সামাজিক ,সাংস্কৃতিক ও ক্রীড়া সংস্থার ৬৩ তম বার্ষিক সাধারণ সভা গতকাল নাজিরপট্টি মডেল প্রাইমারী স্কুলে অনুষ্ঠিত হয়েছে । সভায় প্রতি বছরের মতো এবারও একাঙ্ক নাটক প্রতিযোগীতা আয়োজনের বিষয় নিয়ে আলোচনা করা হয় । সেইসঙ্গে একটি কমিটিও গঠন করা হয়েছে । এই কমিটিতে যুগ্ম সম্পাদক হিসেবে নীলাঞ্জন পাল ও কাজল কর্মকারকে দায়িত্ব দেওয়া হয়েছে । স্মরণিকা কমিটিতে উপদেষ্টা হিসেবে সুমিতা দেব ঘোষ এবং সম্পাদক হিসেবে উত্তম সরকারকে দায়িত্ব দেওয়া হয়েছে । এই একাঙ্ক নাটক প্রতিযোগীতায় অংশগ্রহণে ইচ্ছুক নাট্য দলকে সংস্থার কার্যালয়ে যোগাযোগ করতে সম্পাদক নিখিল পাল আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------